

বিএনপি ক্যাডারদের উপর্যুপরি হামলা উজিরপুরের একটি স্কুলে অচলাবস্থা

বরিশাল প্রতিনিধি : জেলার উজিরপুরের এইচএম ইনস্টিটিউশনে বিএনপি ক্যাডারদের উপর্যুপরি হামলা ও উৎপাতে অচলাবস্থা সৃষ্টি হয়েছে। শিক্ষক, ছাত্রছাত্রী এমনকি অভিভাবকরা পর্যন্ত সবাই ভুগছেন চরম নিরাপত্তাহীনতায়। পুলিশ একজনকে গ্রেপ্তার করলেও সন্ত্রাসীদের হুমকি ও দৌরাশ্ব্য বন্ধ হয়নি।

সংশ্লিষ্ট বিদ্যালয়, স্থানীয় জনগণ ও প্রশাসন সূত্রে জানা গেছে, স্থানীয় বিএনপি ক্যাডাররা তাদের পছন্দানুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োগের দাবিতে গত ২২ আগস্ট ঐ বিদ্যালয়ে হামলা চালিয়ে প্রদর্শী শিক্ষক মুনায় চন্দসহ অন্য শিক্ষকদের লাঞ্চিত করে এবং প্রাণনাশের হুমকি দেয়। এ ব্যাপারে স্থানীয় পর্যায়ে আপোসরফার চেষ্টা ব্যর্থ হয়। গত ৫ অক্টোবর গভীর রাতে সন্ত্রাসীরা প্রধান শিক্ষক মুনায় চন্দের বাড়িতে হামলা চালিয়ে তাকে লাঞ্চিত করে এবং তাদের দাবি অমান্য করলে হত্যার হুমকি দেয়।

এরপর গত ৬ অক্টোবরে তারা প্রকাশ্যে বালোকে এইচএম ইনস্টিটিউশনে সশস্ত্র হামলা চালিয়ে আসের রাজত্ব কায়েম করে। তারা প্রধান শিক্ষককে কুপিয়ে হত্যার চেষ্টা করে। এ সময় তিনি কোনোক্রমে প্রাণে কাপেলেও গুরুতর আহত হন। স্কুলের শিক্ষক, ছাত্রছাত্রীরা ভয়ভীতি-ত্রাসে কান্নাকাটি ছোট্টাছুটি করতে থাকে। হামলাকারী ক্যাডাররা স্কুলের মূল্যবান কাগজপত্র, সিল,

টাকাপয়সা লুট করে এবং ক্রাসে ক্রাসে ছুটির ঘণ্টা বাজিয়ে স্কুল বন্ধ ঘোষণা ছাত্রছাত্রী, শিক্ষকদের তাড়িয়ে দেয়। এখানে ক্রাস বা পড়াশোনার চেষ্টা কতক হত্যা করা হবে বলে হুমকি দেয়।

এ সন্ত্রাসের প্রতিবাদে শিক্ষক ছাত্রছাত্রীরা ৯ অক্টোবর সকাল ১১টায় টি বের করলে বিএনপি ক্যাডাররা হামলা চালিয়ে মিছিল পণ্ড করে দেয়। এ সন্ত্রাসের আবারো স্কুলে শিক্ষক ও ছাত্রছাত্রীদের এবং প্রধান শিক্ষকের বাসায় হামলা ও হুমকি প্রদান করা হয়। এ ব্যাপারে পুলিশ মোহোসেন নামে এক ক্যাডারকে গ্রেপ্তার করে। বেশ কিছু ধারালো অস্ত্রশস্ত্র উদ্ধার করা মূল হোতাররা এখনো প্রকাশ্যে ঘোরাফেরা করছে এবং হামলার হুমকি অব্যাহত রেখেছে।

সরকারি দল সংশ্লিষ্টতার কারণে স্থানীয় প্রশাসন এ ব্যাপারে কোনো কঠোর ভূমিকা নিতে পারছে না।